



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা  
ঢাকা।



...

সভাপতি	মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	০২ নভেম্বর ২০২২
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকায়
স্থান	সম্মেলন কক্ষ (চতুর্থ তলা), জিএসবি
উপস্থিতি	পরিশিষ্ট-ক
আলোচনাঃ	

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর টিমের সকল সদস্যের সাথে মতবিনিময় পূর্বক সভার কার্যপরিধি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির কাজের অগ্রগতি নিয়ে আলোচনা শুরু হয়।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির সভাপতি জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ২০২২-২০২৩ অর্থ বছরের থেকে এ পর্যন্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রার মধ্যে প্রাতিষ্ঠানিক কার্যক্রমের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন বিষয়ে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাকে অবহিত করা হয়েছে এবং কমিটি পুনর্গঠন করা হয়েছে। লক্ষ্যমাত্রা ১.২ অনুযায়ী ১ম ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন জমা দেয়া হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ১.৩ অনুযায়ী জিএসবির অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট, স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব, পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ এ্যাসেসমেন্ট, রিমোট সেনসিং ও জিআইএস, নগর ও প্রকৌশল ভূতত্ত্ব এবং শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখার সাথে নভেম্বর ২য় সপ্তাহের মধ্যে ত্রৈমাসিক সভা আয়োজনের পরামর্শ প্রদান করা হয়। লক্ষ্যমাত্রার ১.৪ মোতাবেক জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে শাখা প্রধান সমন্বয়ে ওয়ার্কশপ ও শাখা সমূহের সাথে আলোচনার পরে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি একত্রে সংশোধন করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

লক্ষ্যমাত্রার ২.১ অনুযায়ী ২য় ত্রৈমাসিক সময়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অধিদপ্তরের সকল শাখা প্রধানগণের সমন্বয়ে একটি কর্মশালা আগামী ২২ নভেম্বর, ২০২২ তারিখে আয়োজন পরিকল্পনা করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২.২ মোতাবেক আগামী ০৬ ডিসেম্বর, ২০২২ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। স্টেকহোল্ডারগণের মধ্যে নগর উন্নয়ন অধিদপ্তর (ইউডিডি), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-কে আমন্ত্রণ জানানোর বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্তসমূহ:

১। লক্ষ্যমাত্রার ১.৩ বিষয়ে ভূতাত্ত্বিক শাখা সমূহের মধ্যে ০৬ (ছয়) টি শাখার সাথে আলোচনা সভা নভেম্বর মাসের ২য় সপ্তাহের মধ্যে সম্পন্ন করতে হবে।

২। লক্ষ্যমাত্রার ২.১ অনুযায়ী অধিদপ্তরের সকল শাখার সমন্বয়ে একটি কর্মশালা নভেম্বর মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩। লক্ষ্যমাত্রার ২.২ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ডিসেম্বর মাসের ২য় সপ্তাহের মধ্যে সম্পন্ন করতে হবে।



মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৭০৬

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯

০৮ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক (ভূপদার্থ)-৩, অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (রসায়ন)-২ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



শাহিদা আক্তার  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১